

# বিভিন্ন ক্ষেত্রে মহিলাদের সম্মান জানাল চেম্বার

প্রতিবেদন : নিজ নিজ ক্ষেত্রে প্রতিষ্ঠিত মহিলাদের সম্মান জানাল ক্যালকাটা চেম্বার অফ কমার্স। বুধবার আন্তর্জাতিক নারীদিবস উপলক্ষে এক অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে মহিলারা তাঁদের জীবনের ঘুরে দাঁড়ানোর গল্প শোনান। সংস্থার সভাপতি হরিশংকর হালওয়াসিয়া বলেন, নিজ নিজ ক্ষেত্রে শ্রেষ্ঠ অর্জনকারী মহিলাদের অসাধারণ দৃঢ়তা এবং স্থিতিস্থাপকতার প্রতি শ্রদ্ধা জানাই। তাঁদের গল্পগুলি অনুপ্রেরণার কাজ করে। আমরা সবাই, লিঙ্গ সমতা এবং সামাজিক ন্যায়বিচারের আমাদের সম্মিলিত সাধনাকে চালিত করছি।



■ কলকাতা চেম্বার অব কমার্সে মহিলা দিবস উদযাপন।